দৈনিক বাংলা

তারিখ ...22 NOV 1985... পৃষ্ঠা... 9 ... কলাম ... 7 ...

# শিক্ষাক্ষেত্রে সমস্যা সমাধানের জন্যে কমিটি গঠিত

বাংলাদেশ শিক্ষক সমিতির সভাপতি শেখ আমানুল্লাহ ও মহাসচিব মোঃ আজিজুল হক শাহ এর নেতৃত্বে সমিতির সাত সদস্যের এক প্রতিনিধিদল মাধ্যমিক শিক্ষা, শিক্ষা প্রতিষ্ঠান পরিচালনা ও শিক্ষকদের সমস্যাবলী সমাধানের জন্য সচিবালয়ে শিক্ষামন্ত্রী শেখ শহীদুল ইসলামের সঙ্গে সাক্ষাৎ করেন। প্রতিনিধিদল আনুষ্ঠানিকভাবে শিক্ষা ও শিক্ষকদের ২৪ দফা সমস্যার ব্যাখ্যা ও সুপারিশসহ এক স্মারকলিপি মন্ত্রীর কছে পেশ করেন। খবর তথ্য বিবরণীর।

শিক্ষামন্ত্রী মনোযোগসহকারে নেতৃবৃন্দের বক্তব্য শোনেন এবং অবিলম্বে সমস্যাসমূহ সমাধানের জন্য শিক্ষা প্রতিমন্ত্রী মনসুর আলী সরকারের নেতৃত্বে একটি উচ্চ ক্ষমতাসম্পন্ন কমিটি গঠন করেন।